

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৪৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাত নিষিদ্ধ সময়ের বিবরণ

আরবী

وَعَن جُبَير بن مطعم أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَا بَنِي عَبْدَ مَنَافٍ لَا تَمْنَعُوا أَحَدًا طَافَ بِهَذَا الْبَيْتِ وَصلَّى آيَةً سَاعَةَ شَاءَ مِنْ لَيْلٍ أَوْ نَهَارٍ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد وَالنَّسَائِيِّ

বাংলা

১০৪৫-[৭] জুবায়র ইবনু মুত্'ইম (রাঃ)হতে বর্ণিত। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে 'আবদ মানাফ-এর সন্তানেরা! তোমরা কাউকে এ ঘরের (খানায়ে কাবার) তাওয়াফ করতে এবং রাত-দিনের যে সময় মনে ইচ্ছা হয় এতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে নিষেধ করো না (তাকে সালাত আদায় করতে দাও)। (তিরমিযী, আবূ দাউদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৮৯৪, আত্ তিরমিয়ী ৮৬৮, নাসায়ী ৫৮৫, ইবনু মাজাহ্ ১২৫৪, সহীহ আল জামি' ৭৯০০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'যে ব্যক্তি এ ঘরের তাওয়াফ করে এবং সালাত আদায় করে তাকে বাধা দিও না'। এখানে সালাত শব্দ দারা তাওয়াফের সালাতও হতে পারে অথবা সাধারণ নফল সালাতও হতে পারে। আমীর ইয়ামানী সুবুলুস্ সালামএ বলেনঃ এ ব্যতিক্রম শুধু তাওয়াফের সালাতের জন্য নির্দিষ্ট নয় বরং সকল সালাতের ক্ষেত্রেই এ হুকুম। 'রাত বা দিনের যে কোন সময়' হাদীসের এ অংশ প্রমাণ করে যে, মক্কাতে মাকরহ সময়গুলোতে নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা মাকরহ নয়। যাতে মানুষ সকল সময়েই মক্কায় সালাত আদায় করার ফাযীলাত লাভ করতে পারে। এটাই ইমাম শাফি'ঈর অভিমত। পক্ষান্তরে ইমাম আবৃ হানীফার মতে মক্কার হুকুম অন্যান্য স্থানের মতই অর্থাৎ মাকরহ সময়ে মক্কাতেও সালাত আদায় করা মাকরহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন